

সরকারী কর্মচারী ব্যাংকি ব্যবস্থার মাধ্যমে ফ্ল্যাট ক্রয়/গৃহ নির্মাণ ঋণ নিম্নোক্ত পর্যায়েগুলি অনুসরণপূর্বক গ্রহণ করবেন-

১। আবেদনকারীকে তার ঋণ প্রাপ্তির যোগ্যতা (অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ বাজেট অনুবিভাগ-১, গৃহ নির্মাণ ঋণ কোষ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৪৭ তারিখ-০৬/০৩/২০১৯ খ্রি. এর পরিপত্র ৩ অনুযায়ী) বিবেচনা করতে হবে-

(ক) গৃহ নির্মাণ/ফ্ল্যাট ক্রয় ঋণের জন্য আবেদনকারী সরকারী কর্মচারী স্থায়ী হতে হবে।

(খ) গৃহ নির্মাণ ঋণ প্রাপ্তির জন্য সর্বোচ্চ বয়সসীমা হবে ৫৮ (আটান্ন) বছর।

(গ) কোন সরকারী কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু এবং দুর্নীতি মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এ নীতিমালার আওতায় ঋণ গ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

(ঘ) সরকারী চাকুরীতে চুক্তিভিত্তিক, খণ্ডকালীন ও অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত কোন কর্মচারী এই নীতিমালার আওতায় ঋণ পাওয়ার যোগ্য হবেন না।

২। যোগ্যতা বিবেচনাপূর্বক নিম্নলিখিত ব্যাংকগুলির মাঝে যে কোনো একটি ব্যাংকে আবেদন করবেন-

- ❖ কমিউনিটি ব্যাংক বাংলাদেশ লিমিটেড
- ❖ সোনালী ব্যাংক লিমিটেড
- ❖ অগ্রণী ব্যাংক লিমিটেড
- ❖ জনতা ব্যাংক লিমিটেড
- ❖ রূপালী ব্যাংক লিমিটেড
- ❖ বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্সসহ অন্যান্য ব্যাংক

৩। ব্যাংক আবেদন গ্রহণ করলে আবেদনকারী ব্যাংক হতে সাময়িক মঞ্জুরীপত্র এবং ঋণ পরিশোধের জন্য Bank Repayment Schedule গ্রহণ করবেন।

৪। আবেদনকারী Bank Repayment Schedule প্রতি পৃষ্ঠায় ব্যাংক কর্তৃপক্ষের স্বাক্ষর গ্রহণ করবেন।

৫। আবেদনকারী বাংলাদেশ পুলিশের ওয়েবসাইট (www.police.gov.bd –Circular-Home Loan) এর হোম পেইজ হতে ফরম নং-১,২,৩,৪ ও ৫ সংগ্রহ করবেন।

৬। আবেদনকারী ফরম নং-১ পূরণপূর্বক ইউনিট প্রধানের স্বাক্ষর গ্রহণ করবেন।

৭। ফরম নং-২ পূরণপূর্বক সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার স্বাক্ষর গ্রহণ করবেন।

৮। ফরম নং-৩ পূরণপূর্বক আবেদনকারী স্বাক্ষর ও সীল প্রদান করবেন।


৯। ফরম নং-৪ পূরণপূর্বক আবেদনকারী স্বাক্ষর ও সীল প্রদান করবেন। উল্লেখ্য মাসিক নীট বেতন হতে ঋণের কিস্তি কর্তনের পর অবশিষ্ট অর্থের পরিমাণ ১৫,০০০/- (পনের হাজার) টাকা থাকতে হবে। কর্তনের পর ১৫,০০০/- (পনের হাজার) টাকা না থাকলে তার কারণ উল্লেখপূর্বক প্রত্যয়ন প্রদান করবেন।

১০। ফরম নং-৫ আবেদনকারী পূরণপূর্বক স্বাক্ষর ও সীলসহ প্রদান করবেন।

১১। (ক) আবেদনকারী গেজেটেড কর্মকর্তা হলে নিজে স্বাক্ষর ও সীল প্রদানপূর্বক বেতন বিবরণী প্রদান করবেন।

(খ) আবেদনকারী নন-গেজেটেড কর্মকর্তা হলে বেতনের প্রত্যয়ন পত্রে স্থানীয় হিসাব রক্ষণ কর্মকর্তা এবং ইউনিট প্রধানের স্বাক্ষর ও সীল গ্রহণ করবেন।

১২। সর্বশেষ অর্থ বছরের রিটার্নের সার্টিফাইড কপি (অবিকল নকল) প্রদান করবেন।


18/12/2022

১৩। আবেদনকারী উল্লেখিত কাগজপত্র সংযুক্ত করে নিজ ইউনিটের নিয়ন্ত্রণকারীর মাধ্যমে সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর ঋণ প্রাপ্তির জন্য আবেদন করবেন।

১৪। ইউনিট প্রধান ৫ নং-ফরম পৃথকভাবে পূরণপূর্বক স্বাক্ষর ও সীল প্রদান করবেন।

১৫। ইউনিট প্রধান আবেদনকারীর গৃহ নির্মান/ফ্ল্যাট ক্রয় ঋণ সংক্রান্ত প্রস্তাব নিম্নলিখিত সকল কাগজপত্রাদি সংযুক্ত করে ফরওয়ার্ডিং সহ এআইজি (ফিন্যান্স) বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণ করবেন-

- | | |
|---------------------------------------|---|
| ❖ আবেদনকারীর সিনিয়র সচিব বরাবর আবেদন | ❖ ফরম নং-৪ |
| ❖ সাময়িক মঞ্জুরীপত্র | ❖ ফরম নং-৫ ইউনিট প্রধান কর্তৃক স্বাক্ষরিত |
| ❖ Bank Repayment Schedule | ❖ ফরম নং-৫ আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত |
| ❖ ফরম নং-১ | ❖ বেতন বিবরণী |
| ❖ ফরম নং-২ | ❖ আয়কর রিটার্নের সার্টিফাইড কপি |
| ❖ ফরম নং-৩ | |


১৬। এআইজি (ফিন্যান্স) বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা-এর শাখায় গৃহ নির্মান/ফ্ল্যাট ক্রয় ঋণ প্রস্তাব গৃহীত হলে তিনি আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র যাচাই বাছাই করবেন এবং আবেদনকারীর দত্ত সম্পর্কিত তথ্যাদি পুনরায় সংগ্রহ করবেন। অতঃপর সংযুক্ত কাগজপত্রসহ আবেদনপত্রটি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

১৭। স্বরাষ্ট্র মন্ত্রণালয় যাচাই বাছাই পূর্বক প্রস্তাবটি অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

১৮। অর্থ মন্ত্রণালয় যাচাই বাছাই পূর্বক সম্বন্ধে হলে ঋণ পরিশোধের চূড়ান্ত সিডিউল (Negotiated Repayment Schedule) প্রতিস্বাক্ষরপূর্বক সরকারী মঞ্জুরীর আদেশ জারী করবেন।

১৯। আবেদনকারী www.mof.gov.bd এর ওয়েব সাইট হতে ঋণ পরিশোধের চূড়ান্তকৃত সিডিউল গ্রহণ করবেন এবং সংশ্লিষ্ট ব্যাংককে তা প্রদান করবেন। ব্যাংক আবেদনকারীকে গৃহ নির্মান ঋণ/ফ্ল্যাট ক্রয় অর্থ প্রদান করবেন।

উল্লেখ্য আবেদনের যে কোন পর্যায়ে এআইজি (ফিন্যান্স), বাংলাদেশ পুলিশ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয় আবেদন পত্রের সাথে সংযুক্ত কাগজপত্রের বিষয়ে আবেদনকারীর সাথে যোগাযোগ করতে পারবেন।


18/12/2022